**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি**
**কাঁচপুর শাখা, নারায়ণগঞ্জ।**
**(অর্থঋণ আইন-২০০৩ইং এর ১২(৩) এর ধারা মতে)**

# বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত ক্রেতা ও সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কাঁচপুর শাখার ঋণ গ্রহিতা, **মেসার্স সামি এন্টারপ্রাইজ** এর মালিক- মোশাররফ হোসেন ব্যাংক হইতে ঋণ গ্রহণ করিয়া ঋণের শর্তানুযায়ী মেয়াদ মধ্যে পরিশোধ করেন নাই। মোশাররফ হোসেন, পিতা- মৃত ওমর আলী ওরফে ওমর আলী মিস্তি, মাতা- আমেনা খাতুন, সাং- সোনাপুর, ডাকঘর- কাঁচপুর, থানা- সোনারগাঁও, জেলা- নারায়ণগঞ্জ নিম্ন তপছিল বর্ণিত সম্পত্তি ঋণের জিম্মা স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কাঁচপুর শাখার নিকট নিবন্ধিত বন্ধকী দলিল নং ৭৪৫৬ তাং ২৫-০৬-২০১৯ইং, আম-মোক্তার নামা দলিল নং ৭৪৫৭ তাং ২৫-০৬-২০১৯ইং মূলে মর্গেজ/দায়াবদ্ধ রাখেন। বিগত ৩০-০৯-২০২৫ইং তারিখ পর্যন্ত **১,১৩,৩৯,৬২৬.৩৪ টাকা** এবং তদপরবর্তী সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তপছিল বর্ণিত সম্পত্তি নিম্নলিখিত শর্ত মোতাবেক নিলাম বিক্রয়ের জন্য সম্পত্তি এবং তদস্থিত যাবতীয় স্থাপনাদী যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় বিক্রয়ের জন্য এতদ্বারা প্রকৃত ও আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

## শর্তাবলী

১। দরপত্র **আগামী ০৪/০১/২০২৬ ইং তারিখ অপরাহ্ন ৩.০০ ঘটিকার** মধ্যে ব্যাংকের নিম্ন ঠিকানায় রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে। ঐদিনই অপরাহ্ন ৩.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি বা রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে। ২। দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্রদাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) এবং প্রস্তাবিত মোটমূল্য উল্লেখ করিতে হইবে। ৩। প্রত্যেক দরদাতা, উদ্ধৃত দর ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০% উদ্ধৃত দর ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্দ্ধ ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ব্যাংকের অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন। ৪। অনুর্দ্ধ ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্দ্ধ ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে, দরপত্র দাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন। ৫। উপরে বর্ণিত শর্ত (৩) ও (৪) এর অধীনে প্রথম সর্ব্বোচ্চ দরদাতার জামানত বাজেয়প্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ ইচ্ছা করিরে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন। ৬। দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হইলে এবং নিম্ন বর্ণিত তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র এবং কম জামানত প্রদানকারী কিংবা ক্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। ৭। সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পল্লীবিদ্যুৎ গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদিসহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে। ৮। নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানিবার জন্য ব্যাংকের উক্ত শাখায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন। ৯। দরপত্র জমাদেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, অবস্থান ও স্বত্বের দলিলপত্র সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না। ১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বাতিল বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

## তপছিল

জেলা- নারায়ণগঞ্জ, থানা- সোনারগাঁও, সাব- রেজিস্ট্রার অফিস- বৈদ্যের বাজার, হালে সোনারগাঁও, জে, এল, নং সি, এস, ২০, এস, এ, ৮, আর, এস, ৭, মৌজা- বেহাকৈরস্থিত, খতিয়ান নং সি, এস, ১৬৫ এবং ১৯৮, এস, এ, ২২৮ এবং ২৬৬, আর, এস, ২৬৮ এবং ৩২, আর, এস, নামজারী খতিয়ান নং ১০২৫১, জোত নং ১০২৫০, দাগ নং সি, এস, ও এস, এ, ৪৯৪ (চারশত চুরানব্বই) এবং ৪৯৫ (চারশত পঁচানব্বই), আর, এস, ১১৮১ (একহাজার একশত একাশি) এবং ১১৮২ (একহাজার একশত বিরাশি), পরিমান- ১২.০০ (বার) শতাংশ এবং তদস্থিত যাবতীয় নির্মাণাদী ইত্যাদি। যাহার উত্তরে- সরকারী রেকর্ডভুক্ত হালট বর্তমানে রাস্তা, দক্ষিণে- একই দাগের অংশ, পূর্বে- হাজী আবদুল মান্নান মিয়া, পশ্চিমে- আবদুল ওহাব ভূইয়া স্বপন।

**ব্যবস্থাপক**
**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কাঁচপুর শাখা, সোনারগাঁও,**
**থানা- সোনারগাঁও, জেলা- নারায়ণগঞ্জ।**